# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)পরিদর্শন/২০২২-২০২৩/১২০৬ তারিখঃ ১২ এপ্রিল ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর অর্ধ-বার্ষিক/আকস্মিক পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।**

সূত্র নং ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক "পরিদর্শন ম্যানুয়াল-১৯৯৪", পরিচ্ছেদ-৩, অনুচ্ছেদ-৩.০১, পরিচ্ছেদ-৪, অনুচ্ছেদ-৪.০১।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের "পরিদর্শন ম্যানুয়াল-১৯৯৪" এর পরিচ্ছেদ-৩, অনুচ্ছেদ-৩.০১ এ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক বছরে দুইবার অঞ্চলের সকল শাখা পরিদর্শন, প্রতিমাসে ন্যূনপক্ষে ১৫দিন শাখা পরিদর্শনের জন্য ভ্রমণ, প্রতিমাসে অঞ্চলের আওতাধীন ন্যূনতম চারটি শাখা আনুষ্ঠানিকভাবে পরিদর্শন এবং যে সকল শাখায় ঋণ পর্যালোচনা, মেয়াদোত্তীর্ণ ঋণ অথবা প্রকল্প ঋণ বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা রয়েছে সেগুলি প্রতি দুইমাসে একবার অবশ্যই সংক্ষিপ্ত পরিদর্শনের নির্দেশনা রয়েছে। "পরিদর্শন ম্যানুয়াল-১৯৯৪" এর পরিচ্ছেদ-৪ অনুচ্ছেদ-৪.০১ এ উল্লেখ করা হয়েছে যে, প্রতি অর্থবছরে বিভাগের অন্তর্গত প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় দুইবার, প্রতিমাসে বিভাগের আওতাধীন ন্যূনতম দুইটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় আনুষ্ঠানিকভাবে পরিদর্শন করতঃ নির্দিষ্ট ফরমে প্রতিবেদন প্রদান করা এবং প্রতি অর্থবছরে বিভাগের অন্তর্গত মোট শাখাসমূহের ১৫% ও ৫% শাখা যথাক্রমে বিভাগীয় মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপক (পরিচালন) কর্তৃক পরিদর্শন করতে হবে। যে সকল শাখায় মেয়াদোত্তীর্ণ ঋণের অত্যধিক চাপ এবং বিতরণ ও আদায়ের সমস্যা রয়েছে সে সকল শাখা অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদনের একটি কপি প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে।

০৩। সম্প্রতি লক্ষ্য করা যায় যে, বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ যথানিয়মে শাখা/কার্যালয় পরিদর্শন করেন না অথবা পরিদর্শন করলেও পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করেন না। ফলে মাঠ পর্যায়ে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি বৃদ্ধি পাওয়ার আশঙ্কা রয়েছে। এক্ষেত্রে যথানিয়মে শাখা বা কার্যালয় পরিদর্শন অত্যন্ত জরুরি। এছাড়াও লক্ষ্যণীয় যে, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় প্রেরিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর শাখাসমূহ যথাযথভাবে জবাব প্রদান করেন না এবং বেশিরভাগ ক্ষেত্রে বিভাগীয় কার্যালয়সমূহ প্রাপ্ত প্রতিবেদন নিষ্পত্তি করেন না। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকগণ এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্তৃক যথানিয়মে আকস্মিক ও অর্ধ-বার্ষিক পরিদর্শন সম্পাদন করা অত্যন্ত জরুরি।

০৪। পরিদর্শন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে (ছক সংযুক্ত) প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

০৫। এমতাবস্থায়, "পরিদর্শন ম্যানুয়াল-১৯৯৪" এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক যথানিয়মে শাখা/কার্যালয় পরিদর্শন, পরিদর্শন প্রতিবেদন প্রেরণ, শাখা/কার্যালয়সমূহ হতে প্রতিবেদনের জবাব সংগ্রহ এবং পরিদর্শন প্রতিবেদনের আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যথানিয়মে পরিদর্শন না করার কারণে মাঠ পর্যায়ে কোনোপ্রকার অনিয়ম সংঘটিত হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তিকে বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

১২.০৪.২৩
(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ১(এক) পাতা।

বিতরণঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)পরিদর্শন/২০২২-২০২৩/১২০৬ — তারিখঃ ১২ এপ্রিল ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১) চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬) উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮) শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯) নথি/মহানথি।

১২.০৪.২০২৩
(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................কার্যালয়

## <u>অর্ধ-বার্ষিক/ আকস্মিক পরিদর্শন প্রতিবেদনের সারসংক্ষেপ</u>

### ছক-ক

বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা পরিদর্শনের তথ্য (সময়কাল) ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | পরিদর্শনের নাম | পরিদর্শনযোগ্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সংখ্যা | পরিদর্শনকৃত মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সংখ্যা | মোট আপত্তি/ অনিয়মের সংখ্যা | নিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | অর্ধ-বার্ষিক | | | | | | |
| | | আকস্মিক | | | | | | |

### ছক-খ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক শাখা পরিদর্শনের তথ্য (সময়কাল) ঃ

| ক্রঃ নং | অঞ্চলের নাম | পরিদর্শনের নাম | পরিদর্শনযোগ্য শাখার সংখ্যা | পরিদর্শনকৃত শাখার সংখ্যা | মোট আপত্তি/ অনিয়মের সংখ্যা | নিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপত্তি/ অনিয়মের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | অর্ধ-বার্ষিক | | | | | | |
| | | আকস্মিক | | | | | | |